দৈনিক ইনকিলাব

তারিখ ... 15 NOV 2007 ...
পৃষ্ঠা ১৩ কলাম ৬

ছারছীনা ও নেছারাবাদ দরবার শরীফ পরিদর্শন

# মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান ও জমিয়াতুল মোদার্রেছীন নেতৃবৃন্দের ঝালকাঠী সফর

ঝালকাঠী জেলা সংবাদদাতা

বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব মাওলানা শাব্বির আহমদ মোমতাজী, মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আলহাজ মোঃ ইউসুফ, ডেপুটি রেজিস্ট্রার প্রফেসর রশীদ আহমদ, শেরপুর আলিয়া মাদরাসার প্রিন্সিপাল মাওলানা খলীলুর রহমান, ফেনীর ছাগলনাইয়া আলিয়া মাদরাসার প্রিন্সিপাল মাওলানা মোঃ হোসাইন, উল্লাপাড়া আলিয়া মাদরাসার প্রিন্সিপালসহ বেশ ক'জন জমিয়াতুল মোদার্রেছীনের কেন্দ্রীয় নেতা ও ইনকিলাবের ঝালকাঠি জেলা সংবাদদাতা অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ আব্দুর রশীদ গত ৯-১০ নভেম্বর পর্যন্ত দক্ষিণাঞ্চলের ঐতিহ্যবাহী ছারছীনা শরীফ, কায়েদ ছাহেব হুজুরের দরবার, জেলা শহরস্থ ইসলামিয়া ফাযিল মাদরাসা, কুতুবনগর আজিজিয়া মাদরাসা পরিদর্শন করেন। সুধী সমাবেশ ও বিভিন্ন অনুষ্ঠানে মাদরাসা শিক্ষার প্রয়োজনীয়তা এবং এর বর্তমান অবস্থান থেকে ত্বরান্বিত হওয়ার কর্মপদ্ধতি, দ্বীনি শিক্ষার ওপর গুরুত্বারোপসহ মাদরাসা শিক্ষার বাস্তবতা ও মৌলিক বিষয়ের ওপর আলোচনা করেন মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান। তিনি ছারছীনা শরীফের ছাত্র, শিক্ষক এবং হাজার হাজার মুসল্লীর সমাবেশে বাংলাদেশের ইসলামী শিক্ষা বিশেষ করে মাদরাসা শিক্ষায় শিক্ষিত ছারছীনা আলিয়া মাদরাসা থেকে পাস করে দেশ-বিদেশ ও জাতির খেদমতে নিয়োজিত হাজার হাজার ছাত্রকে তিনি তারীফ করেন এবং মরহুম দাদা হুজুর হযরত নেছারউদ্দীন (রহঃ), মরহুম পীর হযরত আবু জাফর মোঃ ছালেহ (রহঃ)-এর অবদানের কথা উল্লেখ করেন। জমিয়তের মহাসচিব মাওলানা শাব্বির আহমদ মোমতাজী বলেন, ছারছীনা মাদরাসা এদেশের দ্বীনি তাহজীব তামুদ্দনের মাইল ফলক, ছারছীনা দরবার এদেশের জন্য এক আদর্শ মর্দে মোজাহিদ, ইসলামী ন্যায়নীতি তৈরীর কারখানা। তিনি ছাত্র হেযবুল্লাহর কেন্দ্রীয় অফিসেও জুমা বাদ আলোচনায় অংশ নেন। ১০ নভেম্বর মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, মহাসচিব, উপ-রেজিস্ট্রার এবং জমিয়তের অন্যান্য নেতা ঝালকাঠি এনএস কামিল মাদরাসার বিভিন্ন বিভাগ পরিদর্শন শেষে বিশাল ছাত্র, শিক্ষক ও সুধী সমাবেশে মাদরাসার লেখাপড়ার মান ও অধ্যক্ষের বিভিন্ন কর্মকান্ডের প্রশংসা করেন। এর আগে ঝালকাঠি এনএস কামিল মাদরাসার অধ্যক্ষ মোঃ খলিলুর রহমান নেছারাবাদী বোর্ডের চেয়ারম্যান ও জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিবকে সংবর্ধনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন। অতিথিবৃন্দ ওলিয়ে কামেল মাওলানা আজিজুর রহমান কায়েদ সাহেব হুজুরের সাথে দেখা করে দোয়ার আর্জি করেন। বিকেলে জেলা শহরস্থ ইসলামিয়া ফাযিল মাদরাসা ও কুতুবনগর আজিজিয়া আলিম মাদরাসা পরিদর্শন করেন এবং ছাত্র, শিক্ষক ও সুধী সমাবেশে বক্তব্য রাখেন। ৯ নভেম্বর সকালে ঝালকাঠি এনএস কামিল মাদরাসার একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন চেয়ারম্যান অধ্যাপক আলহাজ মোঃ ইউসুফ ও জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব আলহাজ মাওলানা মোঃ শাব্বির আহমদ মোমতাজী। তাদের সাথে ইসলামী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের মেম্বর ও সিন্ডিকেট সদস্য এবং বিভিন্ন জাতীয় পত্রিকার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।